

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৭
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০১.২২.৮৯


তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে কারিগরি শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট ভাষায় দক্ষতা উন্নয়ন, বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এক বা একাধিক নতুন ভাষা শেখার প্রয়োজনীয়তা রয়েছে। বাংলাদেশ সরকারের নির্বাচনী ইশতেহারে বাধ্যতামূলক তৃতীয় ভাষা (বাংলা, ইংরেজির পাশাপাশি আরবি, জাপানিজ, কোরিয়ান, ইতালিয়ান, মন্দারিন প্রভৃতি) শিক্ষার ওপর জোর দেয়া হয়েছে। উক্ত নির্দেশনার বাস্তবায়ন কৌশল হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে ৩য় ভাষার ওপর প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষার্থীদের ৩য় ভাষার ওপর প্রশিক্ষণ প্রদানের জন্য স্থানীয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহায়তায় সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে প্রয়োজনীয় সুবিধাদিসহ একটি ল্যাংগুয়েজ লার্নিং ল্যাব স্থাপনের জন্য নির্দেশক্রমে সবিশেষ অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক



২৭-০৪-২০২৬

মোঃ মাহমুদ হাসান

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)।
- ২। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০১.২২.৮৯/১ (৪)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
- ২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ৩। সংযুক্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।



A handwritten signature in black ink on a light blue rectangular background.

২৭-০৪-২০২৬

মোঃ মাহমুদ হাসান

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)